

আনন্দবাজার পত্রিক

- এখনও থমথমে সেই আবাস পঞ্জিতিয়া-কাণ্ডা- চোদ্দোর পা
- রেললাইনের ধার থেকে মিল ছাত্রের দেহা- ষোলোর পাতায়

এক নজরে

পুজোর উপহার ১০০০০

■ কক্সনগর: জনসংযোগ বাড়াতে এর আগে খেলাধুলার আয়োজন থেকে শুরু করে বঙ্গদান, রক্তদান-সহ নানা ধরনের অনুষ্ঠান করেছে রাজ্য পুলিশ। এ বারে সংযোজন পুজো কমিটিকে আর্থিক সাহায্য দেওয়া। প্রতিটি জেলা এবং কমিশনারেট এলাকায় ৫০টি করে পুজো কমিটিকে ১০ হাজার টাকা করে আর্থিক সাহায্য দেবে পুলিশ। প্রতিটি জেলা এবং কমিশনারেট এলাকা পিছু ২৫টি করে মহিলা পরিচালিত পুজো কমিটি এবং ২৫টি করে কম বাজেটের পুজো কমিটিকে চিহ্নিত করে রাজ্যের তালিকা পাঠাতে বলা হয়েছে। দু'দিন আগেই রাজ্যের পুলিশ ডাইরেক্টরেট থেকে জেলায় জেলায় এই নির্দেশিকা পাঠানো হয়েছে। পুজো কমিটিগুলির নাম এবং তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর-সহ পাঠাতে বলা হয়েছে। এ মাসের শেষের দিকে শুই সব পুজো কমিটিকে ১০ হাজার টাকার চেক দেওয়া হবে। রাজ্যে ২০টি জেলা এবং ৫টি কমিশনারেট এলাকায় এই খাতে মোট ১ কোটি ২৫ লক্ষ টাকা খরচ হবে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। নদিয়ার পুলিশ সুপার শীঘরাম ঝাঝারিয়া বলেন, “জনসংযোগ বাড়াতে আমাদের জেলায় ২৫টি মহিলা পরিচালিত পুজো কমিটি এবং ২৫টি কম বাজেটের পুজো কমিটিকে ১০হাজার টাকা করে সাহায্য দেওয়া হবে।”

১৯৪৪-২৩ (১৯৪৪)

১৯৪৪-২৩ (১৯৪৪) ২০ মে ১৯৪৪: ২০১৬

